

# কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

KPB SCHOOL & COLLEGE

Online Assignment-2020

৫ম শ্রেণি

বিষয়ঃ বাংলা

সময়ঃ ২ঘন্টা

পূর্ণমানঃ ৫০

প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ১নং ও ২নং প্রশ্নের উত্তর দাওঃ

১৯৭১ সালের পঁচিশে মার্চ পাকিস্তানি সেনারা গভীর রাতে বাঁপিয়ে পড়ে ঢাকার নিরস্ত্র, ঘুমন্ত মানুষের উপর। আক্রমণ চালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসে, ব্যারাকে, আর নানা আবাসিক এলাকায়। নির্বিচারে হত্যা করে ঘুমন্ত মানুষকে। সেই হত্যাকাণ্ড চালিয়ে যেতে থাকে বিরামহীন। পাশাপাশি তারা বিশেষ রকমের হত্যাকাণ্ড চালানোর পরিকল্পনাও করে। সেই পরিকল্পনা অনুসারে একে একে হত্যা করে এদেশের মেধাবী, আলোকিত ও বরণ্য মানুষদের। পুরো দেশের নানা পেশার মেধাবী ব্যক্তিদের তালিকা তৈরি করে তারা।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখঃ (৫টি)

১×৫=৫

ঘুমন্ত, আক্রমণ, ছাত্রাবাস, আবাসিক, বরণ্য, মেধাবী, নির্বিচার

২। নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

২+৪+৪=১০

(ক) রাজাকার আলবদর কারা ?

(খ) ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকসেনারা কী করেছিল চারটি বাক্যে লেখ।

(গ) আমরা কেন চিরদিন শহিদ বুদ্ধিজীবীদের স্মরণ করবো ?

৩। কবিতার চরণগুলো পড়ে প্রশ্নগুলোর উত্তর দাওঃ

ফুল পাখি নই, নইকো পাহাড়

ঝরনা সাগর নই

মায়ের মুখের মধুর ভাষায়

মনের কথা কই।

বাংলা আমার মায়ের ভাষা

শহিদ ছেলের দান

আমার ভাইয়ের রক্তে লেখা

ফেরয়ারির গান।

(ক) আমরা কোন ভাষাতে আমাদের মনের কথা বলি ?

২

(খ) কবিতাংশটির মূলভাব লেখ।

৫

(গ) বাংলা আমার মায়ের ভাষা, শহিদ ছেলের দান - বুঝিয়ে লেখ।

৩

৪। যুক্তবর্ণগুলো বিভাজন করে বাক্য গঠন করঃ (৫টি)

২×৫=১০

স্ত, ভ, ঙ, ঞ, ঝ, ঞ, ঞ, ন্দ

৫। নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখঃ(৫টি)

১×৫=৫

একাল, অনুকূল, কৃতজ্ঞ, উত্তম, ইচ্ছা, জয়, খাঁটি

৬। এক কথায় প্রকাশ করঃ (৫টি)

১×৫=৫

একসঙ্গে পাঠ করে যে, জল ও স্থলে চরে যে, দেখা যায় না যা, নিজের ইচ্ছায়, খাবার অযোগ্য, কোকিলের ডাক, পরের অধীন।

৭। বড় ভাই /বোনের বিবাহ উপলক্ষে ৩ দিনের অগ্রিম ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।

৫

বিঃ দ্রঃ প্রশ্নপত্রের যে কোন সমস্যায় বিষয় শিক্ষকের সঙ্গে যোগাযোগ করা যাবে।